

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২০.১৭. ৮-২২

তারিখ : ৩০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।
১৫ অক্টোবর, ২০১৭ খ্রিঃ।


বিষয় : গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার শ্রীফলতলী ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান প্রসংগে।

সূত্রঃ জেলা প্রশাসক, গাজীপুর কার্যালয়ের স্মারক নং-২৪৩, তারিখঃ ৩১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার শ্রীফলতলী ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের তারিখ বিগত ০৪/০৬/২০১৬ তারিখে ধার্য ছিল। কিন্তু মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৩৩৫/২০১৬ এর আদেশের প্রেক্ষিতে উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক উক্ত ইউপির নির্বাচন স্থগিত করা হয়। পরবর্তীতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপি নং-৭২৪/২০১৬ আদেশের প্রেক্ষিতে উক্ত ইউপির নির্বাচন ৩১/১০/২০১৬ তারিখে পুনরায় ধার্য করা হয়। নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক গত ২৭/১০/২০১৬ তারিখের আদেশে পুনরায় ৩১ অক্টোবর, ২০১৬ তারিখের নির্বাচন কার্যক্রম স্থগিত করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৫৮৮০/২০১৬ এ গত ০৮/০৯/২০১৬ তারিখে Rule is made absolute উল্লেখ করে রায়ে কালিয়াকৈর মৌজার (আংশিক) দাগ নং-০১-৬৪৮, ১৪২৩ ও ১৪১৩ এর প্রযোজ্য অংশসমূহের জন্য জারীকৃত এস.আর.ও নং-০৫-আইন/২০০৪ তারিখ ০৭/০১/২০০৪ বেআইনী ঘোষণা করা হয় এবং কালিয়াকৈর মৌজার (আংশিক) ০১-৬৪৮, ১৪২৩ ও ১৪১৩ দাগসমূহ নোটিফিকেশনের মাধ্যমে কালিয়াকৈর পৌরসভায় অন্তর্ভুক্তকরণের জন্য আদেশ প্রদান করা হয়।

০৩। বর্ণিতাবস্থায়, আদালতের নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত তফসিলে বর্ণিত শহর এলাকাকে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে কালিয়াকৈর উপজেলার শ্রীফলতলী ইউনিয়নের কালিয়াকৈর মৌজার (আংশিক) ০১-৬৪৮, ১৪২৩ ও ১৪১৩ কালিয়াকৈর পৌরসভায় অন্তর্ভুক্ত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ অনুযায়ী উক্ত ইউনিয়নের অবশিষ্ট অংশ নিয়ে ইউনিয়ন পুনর্বিদ্যমানপূর্বক নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
গাজীপুর।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।

০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।